[illegible] 01 2002

ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ২ কলাম ২

## ভিন্ন সিলেবাস

খুলনা প্রতিনিধি : চলতি এইচএসসি পরীক্ষায় দিঘলিয়া এম এ মজিদ কলেজের ১০ জন পরীক্ষার্থীকে পদার্থ বিজ্ঞান ২য় পত্র পরীক্ষায় ২০০২ সালের পরিবর্তে '৯৯ সালের পাঠ্যসূচি অনুযায়ী প্রশ্নপত্র দেওয়া হয়েছে। ফলে ওই ১০ জন পরীক্ষার্থীর ফলাফল ও ভবিষ্যৎ জীবনে বিপর্যয় নেমে আসার আশঙ্কা রয়েছে। দিঘলিয়া এম এ মজিদ কলেজ কেন্দ্রে আলহাজ্ব সরোয়ার খান ডিগ্রি কলেজের পরীক্ষার্থীরা অংশগ্রহণ করেছে। গত ২৩ মে পদার্থ বিজ্ঞান ২য় পত্র পরীক্ষায় নিয়মিত ১০ জন পরীক্ষার্থীকে অনিয়মিত পরীক্ষার্থীর প্রশ্নপত্র দেওয়া হয় পরীক্ষার্থীরা হল পরিদর্শককে বিষয়টি জানালে তিনি বহিষ্কারের হুমকি দেন এবং বেরিয়ে যেতে চাইলে হলের প্রধান ফটক বন্ধ করে দেওয়া হয়। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তা ও এডিসিকে (শিক্ষা) জানানো হয়েছে।